# জেইউসিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশন

## ২০২৬–২০২৭ মেয়াদের কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্তসমূহ

**সভা নং:** EC Meeting–02/2026–2027
**তারিখ:** ০৮ আগস্ট ২০২৬ (শনিবার)
**সময়:** সন্ধ্যা ৬:০০টা
**স্থান:** আপন উদ্যোগ ফাউন্ডেশন, ৮/১৪, ব্লক–সি, লালমাটিয়া, ঢাকা

### সভার সভাপতিত্ব

জেইউসিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ২০২৬–২০২৭ মেয়াদের কার্যনির্বাহী কমিটির সভা ০৮ আগস্ট ২০২৬ তারিখে উপর্যুক্ত স্থান ও সময়ে অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন সংগঠনের **উপদেষ্টা জনাব আরিফুর রহমান খান** এবং সভাটি সঞ্চালনা করেন **সাধারণ সম্পাদক এস. এম. গোলাম রাব্বি।**

বর্তমান ও সাবেক কার্যনির্বাহী কমিটির **১০ জনের অধিক সদস্য** সভায় উপস্থিত ছিলেন। উপস্থিত সদস্যদের অংশগ্রহণে সংগঠনের ভবিষ্যৎ কার্যক্রম, সদস্যপদ কার্যক্রমকে আরও সক্রিয় করা, অ্যালামনাই ডিরেক্টরি তৈরি এবং বিভিন্ন সামাজিক ও ক্রীড়া কার্যক্রম আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়—

### সিদ্ধান্ত নং-১: অ্যালামনাই মেম্বারশিপ স্কিম সংস্কার ও সক্রিয়করণ কমিটি গঠন

জেইউসিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশনের **Alumni Membership Scheme**-কে আরও কার্যকর, যুগোপযোগী ও সক্রিয় করার লক্ষ্যে **"অ্যালামনাই মেম্বারশিপ স্কিম সংস্কার ও সক্রিয়করণ কমিটি" (Committee for Reforming and Activation of Alumni Membership Scheme)** গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।



Phone: +8801718067924, +8801710862768, +8801927129603
Website: https://www.jucsealumni.org Email: contact@jucsealumni.org

কমিটির সদস্যবৃন্দ:

| **দায়িত্ব** | **নাম ও পদবি** |
|---|---|
| **আহ্বায়ক** | এ. এস. এম. মোস্তাফিজুর রহমান (চয়ন), কার্যনির্বাহী সদস্য |
| **সদস্য সচিব** | নাজমুল মোমিন (জুয়েন), সহ-সভাপতি-১ |
| **সদস্য** | এস. এম. গোলাম রাব্বি, সাধারণ সম্পাদক |
| **সদস্য** | বুলবুল আহমেদ, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক |
| **সদস্য** | আব্দুর রহমান তমাল, যুগ্ম সাধারণ সম্পাদক |
| **সদস্য** | ফুয়াদ হাসান |

কমিটি বর্তমান সদস্যপদ কাঠামো পর্যালোচনা করে প্রয়োজনীয় সংস্কার, সদস্যপদ কার্যক্রম সক্রিয়করণ এবং অধিকসংখ্যক অ্যালামনাইকে সংগঠনের সদস্যপদ কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত করার বিষয়ে প্রয়োজনীয় পরিকল্পনা ও সুপারিশ প্রণয়ন করবে।

## সিদ্ধান্ত নং-২: বার্ষিক দিনব্যাপী ভ্রমণ আয়োজন

অ্যালামনাইদের পারস্পরিক যোগাযোগ, সৌহার্দ্য ও সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে **২০২৬ সালের মধ্যে একটি দিনব্যাপী ভ্রমণ (Day-long Tour)** আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

উক্ত ভ্রমণ আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনার জন্য **বুলবুল আহমেদ, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক**-কে **আহ্বায়ক** হিসেবে মনোনীত করা হয়।

ভ্রমণটি সফলভাবে আয়োজনের লক্ষ্যে তিনি প্রয়োজন অনুযায়ী নিজ সুবিধামতো একটি টিম গঠন করবেন এবং সংশ্লিষ্ট কার্যক্রম সমন্বয় করবেন।

## সিদ্ধান্ত নং-৩: অ্যালামনাই মেম্বারস ডিরেক্টরি প্রণয়ন

জেইউসিএসই-এর সাবেক শিক্ষার্থীদের তথ্য একটি সংগঠিত কাঠামোর মধ্যে সংরক্ষণ এবং অ্যালামনাইদের মধ্যে যোগাযোগ ও পেশাগত নেটওয়ার্কিং আরও কার্যকর করার লক্ষ্যে একটি **Alumni Members Directory** তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়।



Phone: +8801718067924, +8801710862768, +8801927129603
Website: https://www.jucsealumni.org Email: contact@jucsealumni.org

এই কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত টিম গঠন করা হয়:

| দায়িত্ব | নাম ও পদবি |
|---|---|
| **টিম লিডার** | রাইহান নাহার তোফা, তথ্য ও যোগাযোগ সম্পাদক |
| **সদস্য** | মোঃ মিনহাজ উদ্দিন (মিনহাজ), ছাত্র কল্যাণ বিষয়ক সম্পাদক-১ |
| **সদস্য** | শারমিন খান (উর্মি), ছাত্র কল্যাণ বিষয়ক সম্পাদক-২ |

টিমটি অ্যালামনাই সদস্যদের প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, যাচাই, শ্রেণিবিন্যাস এবং একটি কার্যকর ও হালনাগাদ ডিরেক্টরি তৈরির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

### সিদ্ধান্ত নং-৪: ফুটবল ফেস্ট আয়োজন

অ্যালামনাইদের মধ্যে পারস্পরিক সম্প্রীতি, যোগাযোগ এবং ক্রীড়ামুখী সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে **২০২৬ সালের মধ্যে একটি Football Fest** আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

Football Fest-এর পরিকল্পনা, সমন্বয় ও সার্বিক ব্যবস্থাপনার জন্য **বুলবুল আহমেদ, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক**-কে **আহ্বায়ক** হিসেবে মনোনীত করা হয়।

তিনি অনুষ্ঠানটি সফলভাবে আয়োজনের লক্ষ্যে প্রয়োজন অনুযায়ী নিজ সুবিধামতো একটি টিম গঠন করবেন এবং আয়োজনের সার্বিক কার্যক্রম পরিচালনা ও সমন্বয় করবেন।

### সিদ্ধান্ত নং-৫: কার্যক্রম বাস্তবায়ন ও সমন্বয়

সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাসম্ভব দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কমিটি, টিম লিডার ও আহ্বায়কদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানানো হয়।

সংশ্লিষ্ট টিমসমূহ তাদের কার্যক্রমের অগ্রগতি প্রয়োজন অনুযায়ী সাধারণ সম্পাদক ও কার্যনির্বাহী কমিটিকে অবহিত করবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে কার্যনির্বাহী কমিটির সহযোগিতা গ্রহণ করবে।



Phone: +8801718067924, +8801710862768, +8801927129603
Website: https://www.jucsealumni.org Email: contact@jucsealumni.org

## সভার সমাপ্তি

সভায় উপস্থিত সদস্যবৃন্দ সংগঠনের ভবিষ্যৎ কার্যক্রমকে আরও গতিশীল, অংশগ্রহণমূলক ও কার্যকর করার বিষয়ে মতামত প্রদান করেন।

অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সভার সভাপতি উপস্থিত সকল সদস্যকে তাঁদের মূল্যবান সময়, মতামত ও সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান এবং সভার সমাপ্তি ঘোষণা করেন।

---

## প্রত্যয়ন

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ **০৮ আগস্ট ২০২৬** তারিখে অনুষ্ঠিত জেইউসিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ২০২৬–২০২৭ মেয়াদের কার্যনির্বাহী কমিটির সভায় আলোচিত ও গৃহীত সিদ্ধান্তসমূহের সঠিক বিবরণ।

**তারিখ:** ৩০ আগষ্ট, ২০২৬

.......................................................

**এস. এম. গোলাম রাব্বি**
সাধারণ সম্পাদক ও সভার সঞ্চালক
জেইউসিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশন



Phone: +8801718067924, +8801710862768, +8801927129603
Website: https://www.jucsealumni.org Email: contact@jucsealumni.org